



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

Email- pmthrd@kb.gov.bd



সূত্র নম্বর- ৫৩.১৭.০০০০.১১০.০২.০০১.১৭-২৩২(২৮২)

তারিখ: ২৬ জুলাই ২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/  
শাখা ব্যবস্থাপক  
কর্মসংস্থান ব্যাংক।

**বিষয় : ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ঋণ ও অগ্রিমের  
জুলাই'২০২০ মাসের কিস্তি কর্তন স্থগিতকরণ।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ডের ২২ জুলাই, ২০২০ তারিখ অনুষ্ঠিত ২৮৭ তম সভায় উপস্থাপিত মেমোর প্রেক্ষিতে অত্র ব্যাংকের স্থায়ী ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের (পিআরএল ভোগরত কর্মকর্তা-কর্মচারীসহ) আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২০ উদ্‌যাপন এবং দেশে করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবজনিত কারণে দ্রব্যমূল্য বৃদ্ধি পাওয়ার বিষয়টি বিবেচনা করে জুলাই, ২০২০ মাসের বেতন হতে অগ্রিমসমূহের (গৃহ নির্মাণ, মোটর সাইকেল, কনজুমার ক্রেডিট ও কম্পিউটার ক্রয়) কিস্তি কর্তন স্থগিত করার সদয় অনুমোদন প্রদান করা হয়েছে।


০৩। সাধারণ ভবিষ্য তহবিল হতে গৃহীত অগ্রিম এর কিস্তি যথারীতি কর্তন অব্যাহত থাকবে।

০৪। কোনো কর্মকর্তা-কর্মচারী তার বেতন হতে কনজুমার ঋণসহ গৃহ নির্মাণ, কম্পিউটার এবং মোটর সাইকেল ক্রয়ের জন্য গৃহীত অগ্রিমের কিস্তি কর্তন যথারীতি অব্যাহত রাখার ইচ্ছা পোষণ করলে সেক্ষেত্রে তাকে কিস্তি কর্তন অব্যাহত রাখার অনুকূলে বেতন আয়ন-ব্যয়ন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

০৫। উল্লিখিত অনুমোদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো। আগস্ট'২০২০ মাস হতে সকল ধরনের ঋণের/অগ্রিমের বিপরীতে কিস্তি কর্তন যথারীতি অব্যাহত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

  
২৬.০৭.২০২০  
(মোহাম্মদ জাকির হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নম্বর- ৫৩.১৭.০০০০.১১০.০২.০০১.১৭-২৩২(২৮২)(২৬)

তারিখ: ২৬ জুলাই ২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ওয়েবসাইট থেকে সংগ্রহের অনুরোধসহ) :**

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও নিরীক্ষা/পরিচালন ও হিসাব) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৪. সকল উপমহাব্যবস্থাপক / সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।  
আইটি বিভাগের উপমহাব্যবস্থাপক মহোদয়কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো ;
৫. সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে), বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৬. বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ;
৮. অফিস নথি।

  
২৬.০৭.২০২০  
(মোহা: জেবুন নাহার নাছরিন)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

প্রধান কার্যালয়: কর্মসংস্থান ব্যাংক ভবন, ১, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০। ফোন: ০২-৪১০৫০৫৭৩ website : www.kb.gov.bd

“শুদ্ধাচার আর শিষ্টাচার, কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার”

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”